

রোকেয়া বিশ্ববিদ্যালয়  
অবশেষে ১৪  
শিক্ষকের ২৭ পদের  
পদত্যাগপত্র গৃহীত

নিজস্ব প্রতিবেদক, রংপুর ●

অবশেষে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ২৭টি প্রশাসনিক পদে থাকা ১৪ জন শিক্ষকের পদত্যাগপত্র গ্রহণ করেছে কর্তৃপক্ষ। গতকাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) স্বাক্ষরিত পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষকদের তা জানিয়ে দেওয়া হয়েছে।

কিছু দাবি আদায়ের লক্ষ্যে গত বছর ৯ থেকে ১৭ ডিসেম্বরের মধ্যে ১৮ জন শিক্ষক মোট ৩৫টি প্রশাসনিক পদ থেকে পদত্যাগ করেন। এর মধ্যে চারজন শিক্ষক আটটি পদে তাঁদের পদত্যাগপত্র প্রত্যাহার করে কাজে যোগ দিয়েছেন। বাকি ১৪ জন শিক্ষক ২৭টি পদে তাঁদের পদত্যাগপত্র প্রত্যাহার না করায় অবশেষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁদের পদত্যাগপত্র গ্রহণ করেছে। রেজিস্ট্রার মোর্শেদ উল আলম জানিয়েছেন, লিখিতভাবে সময় দিয়ে তিনবার অনুরোধ জানানো হলেও তাঁরা পদত্যাগপত্র প্রত্যাহার করেননি।